

৪ বর্ষ ২৪ সংখ্যা ২৬ অক্টোবর ২০০১/১১ কার্তিক ১৪০৮

অষ্টম জাতীয় সংসদ নির্বাচনে চারদলীয় ঐক্যজোটের নির্বাচনী প্রধান প্রতিশ্রুতি ছিল সন্ত্রাসমুক্ত সমাজ গড়া। জোটনেত্রী বেগম খালেদা জিয়া দেশের প্রত্যন্ত এলাকার জনসভায় বিগত সরকারের আমলে সন্ত্রাস দমনের ব্যর্থতার কথাই সবচেয়ে বেশি তুলে ধরেছেন। মূলত ১ অক্টোবরের নির্বাচনে জনগণ সন্ত্রাসের বিরুদ্ধে রায় দিয়েছে। চারদলীয় জোটকে দিয়েছে তাদের অঙ্গীকার বাস্তবায়নের সুযোগ। এ কারণে সন্ত্রাস দমনই চারদলীয় জোটের সবচেয়ে বড় দায়িত্ব হয়ে পড়েছে।

সম্প্রতি দেশের সন্ত্রাসের চিত্র সরকারের জন্য সুখকর নয়। দেশ জুড়ে চলছে ধর্মীয় সংখ্যালঘু সম্প্রদায়ের ওপর নানা ধরনের নির্যাতন। সরকারি দলের ছত্রছায়ায় সন্ত্রাসীরা বাস টার্মিনাল, বিশ্ববিদ্যালয়ের হল, ব্যবসায়ী অঞ্চল দখল করে নিয়েছে। হাতবদল হয়েছে দখলদারিত্বের। নির্যাতিত হয়েছেন সাংবাদিকরা।

সরকার ক্ষমতাসীন হয়েছে মাত্র পক্ষকাল। জনগণ সরকারের সীমিত সময়ের কারণে সন্ত্রাসের বিরুদ্ধে এখন মুখ খুলছে না। কিন্তু জনগণ সন্ত্রাস দমনে সরকারকে বেশি সময় দিতে নারাজ। স্বরাষ্ট্রমন্ত্রী আলতাফ হোসেন চৌধুরী সাক্ষাৎকারে সন্ত্রাস দমনে তার আন্তরিকতার কথা বলেছেন। প্রধানমন্ত্রী খালেদা জিয়াও দলের সন্ত্রাসীদের আগে গ্রেপ্তার করার জন্য পুলিশকে নির্দেশ দিয়েছেন।

দেশের ভুক্তভোগী জনগণ কথায় নয়, কাজে বিশ্বাস করে। তারা চায় নিরাপদ জীবন। প্রতিদিন নিরাপদে বাসায় ফিরতে। স্বস্তিতে ঘুমাতে। এ কারণে সন্ত্রাস দমনে সরকারকে সত্যিকারের আন্তরিক হতে হবে। নিতে হবে দ্রুত কার্যকর ব্যবস্থা।

সারা দেশে অনুষ্ঠিত হচ্ছে বাঙালি হিন্দু সম্প্রদায়ের সবচেয়ে বড় উৎসব শারদীয় দুর্গাপূজা। সাপ্তাহিক ২০০০-এর পক্ষ থেকে সবার প্রতি রইল শারদীয় শুভেচ্ছা।

